

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-১৫৪৩(আগরতলা-০৭।০৯)
কমলপুর, ০৭ সেপ্টেম্বর, ২০১৯

দুর্গাচৌমুহনী ব্লকে সীমান্ত এলাকা উন্নয়ন প্রকল্প

কমলপুর মহকুমার দুর্গাচৌমুহনী ব্লক এলাকায় সীমান্ত এলাকা উন্নয়ন প্রকল্পে বিভিন্ন কর্মসূচি রূপায়িত হচ্ছে। এই প্রকল্পে ব্লকের বিলাসছড়া পঞ্চায়েতের রাকেশটিলায় পানীয় জলের ট্যাংক নির্মাণের কাজ চলছে। ব্যয় হবে পাঁচ লক্ষ টাকা। লাম্বুছড়া এ ডি সি ভিলেজের লাম্বু চৌমুহনীতে পাঁচ লক্ষ টাকা ব্যয়ে যাত্রীশেড নির্মাণের কাজ চলছে। লাম্বুছড়ার আনন্দবাজারেও যাত্রীশেড নির্মাণ করা হবে। মরাছড়া বাজারে সামাজিক শৌচালয় নির্মাণের কাজ চলছে। ব্যয় হবে পাঁচ লক্ষ টাকা। মানিকভান্ডার পঞ্চায়েতের এরার পাড়ে ৫ লক্ষ টাকা ব্যয়ে নির্মিত হবে সামাজিক শৌচালয়। বরইতলিতে ২০ লক্ষ টাকা ব্যয়ে নির্মিত হবে বক্স কালভার্ট। শ্বেতরাই এ ডি সি ভিলেজের সানাইয়া রিয়াং পাড়ায় একটি রাস্তা নির্মাণ করা হবে। এরজন্য ব্যয় হবে ৭ লক্ষ ৩ হাজার টাকা। ধনচন্দ্র এ ডি সি ভিলেজের কানাইলাল হালাম পাড়া থেকে পাইকর পাড়া হয়ে থাৎসি পাড়া পর্যন্ত ৩ কিমি রাস্তা ইট সলিং-এর কাজ প্রায় শেষের পথে। ব্যয় হচ্ছে ১৭.৯৭ লক্ষ টাকা। ধনচন্দ্র এ ডি সি ভিলেজের থাৎসি পাড়াতে ৫ লক্ষ টাকা ব্যয়ে পানীয় জলের ট্যাংক নির্মাণের কাজ চলছে।
